



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/22/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

MTA বাসগুলিতে বর্ণ বৈষম্যমূলক দেওয়াল লিখনের তদন্ত করতে সহায়তা করার জন্য গভর্নর কুওমো স্টেট পুলিশের ঘৃণা অপরাধ ইউনিটকে (STATE POLICE HATE CRIMES UNIT) নির্দেশ দিয়েছেন

"রুকলিনের দুটি MTA বাসে কৃষ্ণাঙ্গদের লক্ষ্য করে যে বর্ণ বৈষম্যমূলক দেওয়াল লিখন এবং শ্বেতাঙ্গ আধিপত্যবাদী ভাষা খুঁজে পাওয়া গেছে তাতে আমি বিতুষ্ট। আমাদের স্টেটে এই ঘৃণ্য ভাষার কোনো স্থান নেই, এবং দেওয়াল লিখনটি সম্পর্কে রিপোর্ট পাওয়ার পর MTA উভয় বাসকেই পরিষেবা থেকে সরিয়ে দিয়েছে।

এই ঘৃণ্য দেওয়াল লিখনের বিষয়ে তদন্ত করতে এবং অপরাধীদের আইন অনুযায়ী কড়া শাস্তি দিতে, আমি, নিউ ইয়র্ক স্টেট পুলিশের হেট ক্রাইমস ইউনিটকে, নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York Police Department, NYPD) এবং MTA পুলিশ সহ স্থানীয় প্রশাসনকে, সহায়তা করার নির্দেশ দিয়েছি। হেট ক্রাইমস শুধু দোষের নয় – সেগুলি বেআইনি।

নিউ ইয়র্কে, জাতিবিদ্বেষ, বর্ণ বৈষম্য, বা ঘৃণার ক্ষেত্রে আমরা শূন্য সহনশীলতা নীতি মেনে চলি। দেশের মধ্যে বিভাজনের এই পচনশীল ক্ষত ছড়িয়ে পড়ার পরিপ্রেক্ষিতে, আমাদের অবশ্যই এই ধরনের ঘৃণ্য কাজগুলির বিরুদ্ধে একসাথে রুখে দাঁড়াতে হবে এবং যে কোনো ধরনের ঘৃণার বিরুদ্ধে লড়াই করতে হবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)